



তারেক রহমানের ভোটের ইস্যু নিয়ে বিতর্ক অপ্রাসঙ্গিক: অ্যাটর্নি জেনারেল



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বাংলাদেশের ভোটের কি না এ প্রশ্নকে ‘অপ্রাসঙ্গিক ও অযৌক্তিক’ বলে অভিহিত করেছেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান। তিনি বলেন, “যিনি নির্বাচনে অংশ নিতে চান, তাকে ভোটের ও নাগরিক হিসেবেই ধরা হবে এটাই স্বাভাবিক।”

শুক্রবার (৫ ডিসেম্বর) বিনাইদহের শৈলকুপা সরকারি ডিগ্রি কলেজ মাঠে হাজি কল্যাণ সংস্থার প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। বক্তব্যে তিনি আরও বলেন, জুলাই গণহত্যার মামলাগুলো দ্রুত নিষ্পত্তির লক্ষ্যেই রাষ্ট্রপক্ষ কাজ করছে।

অ্যাটর্নি জেনারেল জানান, বিচার দ্রুত সম্পন্ন করতে প্রয়োজনীয় সব পদক্ষেপ নেওয়া হয়েছে। কোনো মহল যাতে বিচার প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করতে না পারে, তাও নিশ্চিত করা হচ্ছে। তিনি আরও বলেন, “জুলাইয়ের ঘটনা জাতির বিরুদ্ধে অপরাধ, এ বিচার বিলম্বিত হওয়ার সুযোগ নেই।”

LENS ASIA